

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 04-11-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গ সহ ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এসআইআর-এর জন্য এন্যুমারেশন ফর্ম বিতরণের কাজ আজ শুরু হচ্ছে।

২) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-এর কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল এ রাজ্যে আসছে।

৩) রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি এবং মহিলাদের নিরাপত্তার দাবিতে উত্তর ২৪ পরগনার সোদপুরে আজ মিছিল করবে বিজেপি।

এদিকে, এসআইআর-এর প্রতিবাদে আজ রেডরোড থেকে জোড়াসাঁকো পর্যন্ত মিছিল তৃণমূল কংগ্রেসের।

৪) ২০২৫ - ২৬ অর্থ বর্ষে ন্যূনতম সহায়কমূল্যে শস্য কেনার জন্য প্রায় ১৬ হাজার কোটি টাকার তহবিল তৈরির সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রিসভা।

৫) উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রামে পিসি শাশুড়ীকে খুন করে ট্রলি ব্যাগে দেহ লোপাটের চেপ্টার ঘটনায় ধৃত মা ও মেয়ের যাবজ্জীবন কারাদন্ড।

৬) রঞ্জি ট্রফি ক্রিকেটে আজ বাংলার বিরুদ্ধে ত্রিপুরা ৭ উইকেটে ২৭৩ রান হাতে নিয়ে অসমাপ্ত প্রথম ইনিংস শুরু করবে।

পশ্চিমবঙ্গ সহ ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর-এর জন্য এন্যুমারেশন ফর্ম বিতরণের কাজ আজ শুরু হচ্ছে। এক মাস ব্যাপী এই কর্মসূচিতে বুথ লেভেল আধিকারিকরা প্রত্যেক নাগরিকের বাড়ি বাড়ি গিয়ে ফর্ম দেবেন এবং তা পূরণের পর সংগ্রহ করবেন। এই প্রক্রিয়া চলবে ৪ঠা ডিসেম্বর পর্যন্ত। খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ৯ ডিসেম্বর। ২০২৬ এর ৭ই ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে। একটি প্রতিবেদন।

(ভিসি-অভিরূপ)

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR এর কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল এ রাজ্যে আসছেন। সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিন্সিপাল সেক্রেটারি S B Joshi এবং ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল আগামীকাল থেকে ৮ই নভেম্বর বাংলাদেশের সীমান্তবর্তী জেলা কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ারে SIR এর কাজ খতিয়ে দেখবেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ওই প্রতিনিধি দলের সঙ্গে থাকবেন বলে সূত্রের খবর।

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় নথিপত্র যাতে সঠিকভাবে যাচাই ও পর্যালোচনা করা হয় তার জন্য বিজেপি নির্বাচন কমিশনকে অনুরোধ করেছে। নতুন দিল্লিতে গতকাল অমিত মালবিয়ার নেতৃত্বে বিজেপি-র এক

প্রতিনিধি দল নির্বাচন কমিশনের আধিকারিকদের সঙ্গে দেখা করে এই দাবি জানান। এরপর সাংবাদিকদের শ্রী মালবিয়া বলেন, রাজ্যে এস আই আর-এর জন্য যে সমস্ত নথিপত্র নেওয়া হচ্ছে, তার মধ্যে বহু নথি ভুলো এবং অবৈধ। বুথ লেভেল আধিকারিক – বিএলও-দের ভয় দেখানোর যে অভিযোগগুলি উঠেছে, তাও তিনি নির্বাচন কমিশনকে ক্ষতিয়ে দেখার অনুরোধ জানান তিনি।

প্রতিনিধি দলে ছিলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তিনি বলেন, এস আই আর নিয়ে বাংলায় আতঙ্কের পরিবেশ সৃষ্টি করছে তৃণমূল কংগ্রেস।

(বাইট-শমীক)

রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির অভিযোগে এবং মহিলাদের নিরাপত্তার দাবিতে উত্তর ২৪ পরগনার সোদপুর এবং পূর্ব বর্ধমানে বিজেপি-র জোড়া মিছিলে শর্ত সাপেক্ষে অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি কৌশিক চন্দ্র বেঞ্চ গতকাল মামলার শুনানিতে জানিয়েছেন, আজ সোদপুরের ট্রাফিক মোড় থেকে তেঁতুলতলা পর্যন্ত দুপুর তিনটে থেকে পাঁচটা অবধি মিছিল করা যাবে। সাধারণ মানুষের যাতে কোনো সমস্যা না হয়, সেব্যাপারে সতর্ক থাকতে বলেছে আদালত।

অন্যদিকে, আগামী ৫-ই নভেম্বর পূর্ব বর্ধমানের বড়নীলপুর মোড় থেকে কার্জন গেট পর্যন্ত মিছিলের অনুমতি দিয়েছে হাইকোর্ট। দুপুর ২-টো থেকে সন্ধ্যা ৬-টা পর্যন্ত মিছিল করা যাবে। উভয় ক্ষেত্রেই অংশগ্রহণকারীদের সংখ্যা নির্দিষ্ট করে দিয়েছে আদালত। দুটি মিছিলেই উপস্থিত থাকবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

এদিকে, ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচি নিয়ে রাজ্য জুড়ে আতঙ্ক ও বিভ্রান্তি তৈরির অভিযোগে আজ মিছিল করবে তৃণমূল কংগ্রেস। রোড রোড

থেকে জোড়াসাঁকো পর্যন্ত মিছিলে অংশ নেবেন দলনেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। রাজ্যের মন্ত্রী, বিধায়ক, সাংসদ ও শাসক দলের কর্মী-সমর্থকরা এতে যোগ দেবেন বলে জানা গিয়েছে।

প্রযুক্তি, গবেষণা ও উদ্ভাবনের মাধ্যমে আগামী দিনে ভারত বিশ্বের সমস্যা সমাধানে নেতৃত্ব দেবে বলে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রত্যয় ব্যক্ত করেছেন। কলকাতার এক পাঁচতারা হোটেলে গতকাল ভারত চেম্বার অফ কমার্সের ১২৫ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত ইন্ডিয়া @ 100— অ্যান এজ অফ নিউ ডন’ শীর্ষক অনুষ্ঠানে তিনি বলেন, ভারতের মেয়েরা সব ক্ষেত্রেই অগ্রণী ভূমিকা পালন করছে।

(বাইট – ওম বিড়লা)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে পরিবেশ বান্ধব প্রযুক্তি উৎপাদনে সবচেয়ে বড় কেন্দ্র হয়ে উঠছে ভারত। কোভিডের সময় নিজেদের আবিস্কৃত ভ্যাকসিনের মাধ্যমে ভারত যেমন বিশ্বের পাশে দাঁড়িয়েছিল, তেমনই আগামী দিনে গবেষণাতেও পথ দেখাবে। দেশের প্রাকৃতিক সম্পদ, কুশলী কর্মী, উন্নত পরিকাঠামো মিলিয়ে ভারত আজ বিশ্বের শিল্প-বাণিজ্য মহলের কাছে সবচেয়ে পছন্দের গন্তব্য। বিকশিত ভারত গঠনে দেশের মেয়েরা অগ্রণী ভূমিকা নেবে বলে শ্রী বিড়লা মনে করেন।

লোকসভার অধ্যক্ষ আরও বলেন, বিনিয়োগের পথে সরকারি লাল ফিতের জট খুলতে এবং শিল্পবান্ধব পরিবেশ গড়ে তুলতে প্রধানমন্ত্রী গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছেন। খুব শীঘ্রই বিনিয়োগ ক্ষেত্র আরও সুগম করার নতুন সিদ্ধান্ত সামনে আসবে।

অনুষ্ঠানে ভারত চেম্বার অফ কমার্সের সভাপতি এন জি খৈতান, প্রাক্তন সভাপতি পবন পোদ্দার, বিভিন্ন দূতাবাস, শিল্প ও বণিক মহলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

২০২৫ - ২৬ অর্থ বর্ষে কৃষকদের ন্যূনতম সহায়কমূল্য দেওয়ার জন্য প্রায় ১৬ হাজার কোটি টাকার তহবিল তৈরির সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রিসভা। কৃষি দপ্তর সূত্রের খবর, এই অর্থ বছরেই ৬৭ লক্ষ মেট্রিক টন ধান ক্রয়ের পরিকল্পনা নিয়েছে রাজ্য সরকার।

এছাড়াও রাজ্য সরকার এবার প্রতিটি জেলায় সোশ্যাল মিডিয়া ইউনিট খোলার সিদ্ধান্ত নিয়েছে। এর জন্য ১০৮ টি নতুন পদ তৈরি হবে। নবান্নে মন্ত্রিসভার বৈঠকে গতকাল স্থির হয়েছে, প্রত্যেক জেলার সদর কার্যালয়ে খোলা হবে এই ইউনিট। এছাড়াও কলকাতা পুলিশের ১৫০ টি সুবেদার পদকে সশস্ত্র পুলিশের সাব ইনস্পেক্টর পদে রূপান্তরিত করা হবে বলে মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত হয়েছে। এরফলে কলকাতা পুলিশে পদোন্নতির সুযোগ বাড়বে।

নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন উচ্চ মাধ্যমিক বিভাগের জন্য নতুন ৭টি শিক্ষক পদ সৃষ্টি ও নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও ব্যারাকপুর কমিশনারেটে 'আইনি সহায়ক' নামে একটি নতুন পদ তৈরির প্রস্তাবও অনুমোদন করেছে মন্ত্রিসভা।

এছাড়াও ডিজিটাল স্ক্রিনিংয়ের জন্য 'দ্য ওয়েস্টবেঙ্গল সিনেমা জ় রেগুলেশন অফ পাবলিক এগজিবিশন রুলস ১৯৫৬' আইনের সংশোধন করেছে রাজ্য সরকার।

উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রামে পিসি শাশুড়ীকে খুন করে ট্রলি ব্যাগে দেহ লোপাটের চেপ্টার ঘটনায় ধৃত মা ও মেয়ের যাবজ্জীবন কারাদন্ড হয়েছে। বারাসাতের অতিরিক্ত জেলা বিচারক গতকাল এই নির্দেশ দেন। চলতি বছর ফেব্রুয়ারি মাসে আরতি ঘোষ ও তার মেয়ে ফাল্গুনী, সুমিতা ঘোষকে খুনের পর মৃতদেহ ট্রলি ব্যাগে ভরে কুমোরটুলি ঘাটে গঙ্গায় ফেলতে যায়। দিনে দুপুরেই ট্রলি ব্যাগ সমেত ঘোরাঘুরি করতে দেখে স্থানীয়দের সন্দেহ হলে তারা পুলিশে খবর দেন। এরপর ট্রলি ব্যাগ থেকে দেহ উদ্ধার হয়। ঘটনার ২৫১ দিনের মাথায় সাজা ঘোষণা করল আদালত।

সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে শিক্ষক শিক্ষিকাদের পর অযোগ্য চিহ্নিত শিক্ষাকর্মীদের তালিকাও প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। গতকাল প্রকাশিত ঐ তালিকায় ৩ হাজার ৫১২ জনের নাম রয়েছে। গ্রুপ-সি ও গ্রুপ-ডি-র জন্য প্রকাশিত হয়েছে পৃথক তালিকা। অযোগ্য চিহ্নিতরা নতুন নিয়োগ প্রক্রিয়ায় আবেদন করতে পারবে না বলে শীর্ষ আদালত নির্দেশ দিয়েছিল।

এদিকে, গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে নতুন নিয়োগের আবেদন প্রক্রিয়া গতকালই শুরু হয়েছে। তেসরা ডিসেম্বর বিকেল পাঁচটা পর্যন্ত অনলাইনে আবেদন জানানো যাবে।

প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার ঋত্বিক কুমার ঘটকের জন্ম শতবার্ষিকীর সূচনা হয়েছে। বর্তমান বাংলাদেশের রাজশাহীতে আজকের দিনেই তিনি জন্মগ্রহণ করেন। পরবর্তীতে তাঁর শিক্ষা ও কর্মজীবন পুরোটাই কাটে কলকাতায়। সিনেমা জগতে সত্যজিৎ, মৃণাল, ঋত্বিক এই ত্রয়ীর সম্মেলন ভারতীয় চলচ্চিত্রকে দিয়ে গেছে আধুনিক নির্মাণ শৈলী।

তিতাস একটি নদীর নাম, অযান্ত্রিক, সুবর্ণরেখা আবার কখনো কোমল গান্ধারকে আশ্রয় করে তিনি বলে গেছেন মেঘে ঢাকা তারাদের কথা।

একটি প্রতিবেদন।

পূর্ব মধ্য বঙ্গোপসাগর এবং সংলগ্ন মায়ানমার উপকূলের ওপর তৈরি নিম্নচাপ অঞ্চলটি আজকের মধ্যে ক্রমশ উত্তর , উত্তর পশ্চিমে মায়ানমার- বাংলাদেশ উপকূলের দিকে অগ্রসর হবে। তবে এর সরাসরি কোনো প্রভাব এখনই এ রাজ্যে পড়ার সম্ভাবনা নেই।

আজ বহুদিন পর কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নীচে রেকর্ড করা হয়েছে। আগামী দু এক দিনে উত্তরবঙ্গের সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা কমলেও দক্ষিণবঙ্গে একই রকম থাকার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আগরতলায় চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচের আজ চতুর্থ অর্থাৎ শেষদিনে বাংলার বিরুদ্ধে ত্রিপুরা সাত উইকেটে ২৭৩ রানে অসমাপ্ত প্রথম ইনিংস শুরু করবে। খেলা শুরু সকাল ৯ টায়।
